
# বিএনপি সংঘাতে জড়াতে চায় না বললেন মির্জা আব্বাস



সংগৃহীত ছবি

প্রতিপক্ষের সঙ্গে কোনো সংঘাতে জড়াতে চায় না বিএনপি এমন মন্তব্য করেছেন দলের স্থায়ী কমিটির সদস্য ও ঢাকা-৮ আসনে ধানের শীষের প্রার্থী মির্জা আব্বাস। তিনি বলেন, বিজয় খুব কাছে, তাই নেতাকর্মীদের উসকানিতে পা না দেওয়ার আহ্বান জানান।

বুধবার (২৮ জানুয়ারি) নির্বাচনী গণসংযোগে তিনি বলেন, বিএনপি বহুবার উৎসবমুখর পরিবেশে নির্বাচন করেছে। অতীতের কোনো নির্বাচনে প্রতিপক্ষের ওপর হামলার ঘটনা ঘটেনি বলেও দাবি করেন তিনি।

একটি দলের নাম উল্লেখ না করে মির্জা আব্বাস অভিযোগ করেন, বিএনপিকে উদ্দেশ্যপ্রণোদিতভাবে সমালোচনা করা হচ্ছে। তাদের বক্তব্যে শুধু বিএনপি বিরোধিতাই প্রাধান্য পাচ্ছে বলে মন্তব্য করেন তিনি।

তিনি আরও বলেন, যেকোনো উসকানির মুখে শান্ত থাকতে হবে। ষড়যন্ত্রে জড়ানো যাবে না। জনগণই ব্যালটের মাধ্যমে জবাব দেবে। ঢাকা-৮ আসনে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার আহ্বান জানান তিনি।

LENS ASIA